

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়  
সারিয়াকান্দি, বগুড়া।  
www.shariakandi.bogra.gov.bd

স্মারক নং : ০৫.৫০.১০৮১.০০০.০১.০০১.২২-২৬০


তারিখ : ১৮ চৈত্র ১৪২৮  
০১ এপ্রিল ২০২২

**নিলাম বিজ্ঞপ্তি**

এতদ্বারা সর্বসাধারণের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, সারিয়াকান্দি উপজেলাধীন ভেলাবাড়ী ইউনিয়নস্থ জোড়গাছা ব্রীজের উত্তর পার্শে বাঙালী নদীর তীরে মোবাইল কোর্ট কর্তৃক আটককৃত বালু (যেখানে যে অবস্থায় আছে) প্রকাশ্য নিলাম ডাকের মাধ্যমে বিক্রয়ের নিমিত্ত আগামী ০৫ এপ্রিল ২০২২ তারিখে বেলা ১১.০০ টার সময় নিম্নস্বাক্ষরকারীর অফিস কক্ষে 'নিলাম ডাক' অনুষ্ঠিত হবে। উক্ত নিলাম ডাকে অংশগ্রহণ করার জন্য সংশ্লিষ্ট সকলকে অনুরোধ করা হলো।

শর্তাবলী:

- ০১। যেকোন ব্যক্তি বা প্রতিষ্ঠান নিলামডাকে অংশগ্রহণ করতে পারবে।
- ০২। নিলাম ডাকে অংশগ্রহণকারীকে ডাক শুরু পূর্বে জামানত বাবদ ২০,০০০/- (বিশ হাজার মাত্র) টাকা জমা দিতে হবে (ফেরতযোগ্য)।
- ০৩। নিলাম ডাকে অংশগ্রহণকারী ব্যক্তি নিলাম ডাকের পূর্বে সারিয়াকান্দি উপজেলাধীন ভেলাবাড়ী ইউনিয়নস্থ জোড়গাছা ব্রীজের উত্তর পার্শে বাঙালী নদীর তীরে নামক স্থানে আটককৃত বালু সরেজমিন দেখে ডাকে অংশগ্রহণ করবেন। পরবর্তীতে কোন ওজর আপত্তি গ্রহণযোগ্য হবে না।
- ০৪। সর্বোচ্চ ডাককারীকে নিলাম ডাকের ২৫% অর্থ ডাকটেবিলে এবং অবশিষ্ট অর্থ নিলাম ডাকের দিন অফিস চলাকালীন সময়ের মধ্যে পরিশোধ করতে হবে এবং ডাকমূল্যেও ১৫% ভ্যাট ও ১০% আয়কর একই দিনে পরিশোধ করতে হবে। ব্যর্থতায় জামানতসহ জমাকৃত ২৫% অর্থ সরকারের অনুকূলে বাজেয়াপ্ত করা হবে।
- ০৫। নিলাম ডাককারীকে ০৭ (সাত) দিনের মধ্যে সমস্ত বালু নিজ খরচায় সরিয়ে নিতে হবে।
- ০৬। নিলাম ডাক গ্রহণের বা বাতিলের ক্ষেত্রে কর্তৃপক্ষের সিদ্ধান্তই চূড়ান্ত বলে গণ্য হবে।

  
মোহাম্মদ রেজাউল করিম  
উপজেলা নির্বাহী অফিসার  
সারিয়াকান্দি, বগুড়া।  
টেলিফোন # ০২-৫৮৯৯০৯৯০২  
email: unosariakandi@mopa.gov.bd

স্মারক নং : ০৫.৫০.১০৮১.০০০.০১.০০১.২২-২৬০(৩১)

তারিখ : ১৮ চৈত্র ১৪২৮  
০১ এপ্রিল ২০২২

অনুলিপি (সদয় অবগতি/অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য):

০১. জেলা প্রশাসক, বগুড়া।
০২. অফিসার-ইন-চার্জ, সারিয়াকান্দি থানা। তাকে নিলাম ডাকের দিন প্রয়োজনীয় সংখ্যক পুলিশ মোতায়েনের জন্য অনুরোধ করা হলো।
০৩. অতিরিক্ত জেলা প্রশাসক (রাজস্ব), বগুড়া/ বিজ্ঞ অতিরিক্ত জেলা ম্যাজিস্ট্রেট, বগুড়া।
০৪. উপজেলা চেয়ারম্যান, উপজেলা পরিষদ, সারিয়াকান্দি, বগুড়া।
০৫. উপজেলা নির্বাহী অফিসার.....(সকল), বগুড়া।
০৬. সহকারী কমিশনার (ভূমি), ..... (সকল), বগুড়া।
০৭. মেয়র, সারিয়াকান্দি পৌরসভা।
০৮. সহকারী প্রোগ্রামার, সারিয়াকান্দি, বগুড়া। তাকে উক্ত বিজ্ঞপ্তিটি ওয়েবসাইটে প্রকাশের জন্য অনুরোধ করা হলো।
০৯. চেয়ারম্যান.....ইউনিয়ন পরিষদ। তাকে তার এলাকায় হাট-বাজারে টোল সহরতের মাধ্যমে বহুল প্রচারের ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হলো।
১০. নোটিশ বোর্ড/অফিস কপি।

  
মোহাম্মদ রেজাউল করিম  
উপজেলা নির্বাহী অফিসার  
সারিয়াকান্দি, বগুড়া।  
টেলিফোন # ০২-৫৮৯৯০৯৯০২  
email: unosariakandi@mopa.gov.bd